গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালকিনি, মাদারীপুর
**www.kalkini.madaripur.gov.bd**

স্মারকনং: ০৫.৪১.৫৪৪০.০০০৮.০০৪.২০২৬-৯১

তারিখ: ০৩ ফাল্গুন, ১৪৩২ / ১৬ ফেব্রুয়ারী, ২০২৬

## দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২৬

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ সেপ্টেম্বর,২০১১খৃঃ/০৬ আশ্বিন ১৪১৮ বাংলা তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ সংখ্যক পত্রের আদেশ অনুযায়ী সরকারী হাট বাজার সমূহের ইজারা পদ্ধতি নীতিমালা অনুযায়ী মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলার অন্তর্গত নিম্নবর্ণিত হাট-বাজার ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ থেকে ৩০ শে চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসরের জন্য ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণের নিকট হতে সীল মোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। সংশ্লিষ্ট হাট-বাজার সমূহের সিডিউল ফরম ও অন্যান্য শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালকিনি/সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কালকিনি/পুলিশ সুপারের কার্যালয়, মাদারীপুর ও জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর হতে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত নগদ মূল্যে ক্রয় করা যাবে। তবে সিডিউল ফরম দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ সমূহে বেলা ১:০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে/সহকারী কমিশনার (ভূমি), কালকিনি/পুলিশ সুপারের কার্যালয়, মাদারীপুর এবং জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাতা কর্তৃক দরপত্র দাখিল করতে হবে এবং ঐ দিন বেলা ৩:০০ টার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে। যে কোন দরপত্র বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। দরপত্রের সাথে দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ জামানত স্বরূপ যে কোন তফসিলি ব্যাংক থেকে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি বরাবরে জমা প্রদান করতে হবে। ইজারা গ্রহীতা ইজারা মূল্যের অতিরিক্ত ১০% অর্থ আয়কর এবং অতিরিক্ত ১৫% অর্থ মূল্য সংযোজন কর দিতে বাধ্য থাকবেন।

| পর্যায় | সিডিউল(দরপত্র) বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | | দরপত্র ফরম বিক্রয়ের স্থান |
|---|---|---|---|---|
| | | দরপত্র গ্রহণের তারিখ | দরপত্র গহণের শেষ সময় | |
| ১ম | ০৪/০৩/২০২৬ খ্রি. | ০৫/০৩/২০২৬ খ্রি. | দুপুর ১:০০ টা পর্যন্ত | ১। জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর |
| ২য় | ১৫/০৩/২০৬ খ্রি. | ১৬/০৩/২০২৬ খ্রি. | দুপুর ১:০০ টা পর্যন্ত | ২। পুলিশ সুপারের কার্যালয়, মাদারীপুর |
| ৩য় | ০১/০৪/২০২৬ খ্রি. | ০২/০৪/২০২৬ খ্রি. | দুপুর ১:০০ টা পর্যন্ত | ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কালকিনি, মাদারীপুর<br>৪। উপজেলা ভূমি অফিস, কালকিনি, মাদারীপুর |

### হাট-বাজার সংক্রান্ত তথ্যাদি

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | ১৪৩৩ বাংলা সালের সম্ভাব্য সরকারী মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | রমজানপুর | ডিক্রিরচর হাট (হামেদখার হাট) | ৪৬২৪০.০০ | ৫০০.০০ | |
| ২ | পূর্ব এনায়েতনগর | সমিতিরহাট | ১৮৩৯৩৯.০০ | ১০০০.০০ | |
| ৩ | বাঁশগাড়ী | খাসেরহাট হাট | ৯৫৯৬৫৩.০০ | ২৬০০.০০ | |
| ৪ | এনায়েতনগর ও | ফাসিয়াতলা হাট | ৪৮০৫৩৩.০০ | ১৬০০.০০ | |
| ৫ | সাহেবরামপুর | হাচেন আকনের হাট (আন্ডারচর হাট) | ৪০৪৫৭.০০ | ৫০০.০০ | |
| ৬ | আলীনগর | কালীগঞ্জ হাট | ১৯৪৩৩.০০ | ৫০০.০০ | |
| ৭ | শিকারমঙ্গল | মিয়ারহাট | ৫০৮৯৭.০০ | ৫০০.০০ | |
| ৮ | কয়ারিয়া | ফকিরেরহাট | ৯১৫২.০০ | ৫০০.০০ | |
| ৯ | কয়ারিয়া | মোল্লারহাট | ৪১৯৪১.০০ | ৫০০.০০ | |
| ১০ | সাহেবরামপুর | সাহেবরামপুর হাট | ২৬৯৮০৫.০০ | ১২০০.০০ | |
| ১১ | পূর্ব এনায়েতনগর | আলিপুর মোল্লারহাট | ২৩৩২.০০ | ৫০০.০০ | |
| ১২ | লক্ষীপুর | সূর্যমনির হাট | ১৭৫৯৬০.০০ | ১০০০.০০ | |
| ১৩ | এনায়েতনগর | খালেকের হাট | ৫১৮২.০০ | ৫০০.০০ | |
| ১৪ | লক্ষীপুর | লক্ষীপুর হাট | ২৬৫০.০০ | ৫০০.০০ | |
| ১৫ | বাঁশগাড়ী | স্নানঘাটা হাট | ৫৬০০৩.০০ | ৫০০.০০ | |
| ১৬ | এনায়েতনগর | করিমগঞ্জ হাট | ২৮৬২.০০ | ৫০০.০০ | |
| ১৭ | চরদৌলতখান | মোক্তারের হাট | ৩৪৪৫.০০ | ৫০০.০০ | |
| ১৮ | রমজানপুর | রমজানপুর হাট | ১২৭২.০০ | ৫০০.০০ | |
| ১৯ | ঐ | নতুন টরকী বাজার | ৩৪২৭.০০ | ৫০০.০০ | |
| ২০ | ঐ | উত্তর রমজানপুর নতুন হাট | ১৩৭৮.০০ | ৫০০.০০ | |
| ২১ | কয়ারিয়া | তালতলা সরদারের হাট | ৩৪৪৫.০০ | ৫০০.০০ | |
| ২২ | ঐ | ময়দানের হাট | ৪২৪০.০০ | ৫০০.০০ | |

### ১৪৩৩ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪৩৩ সনের ০১ লা বৈশাখ হতে ১৪৩৩ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত উল্লিখিত দরের ৩০%(শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহিতা নিয়মিত নিজস্ব ব্যয়ে হাট-বাজার পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

চলমান পাতা-০২

০৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(পচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর অবশ্যই দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যেকোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(সাইফ-উল-আরেফীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
কালকিনি,মাদারীপুর
মোবাইল নম্বর: ০১৭৩৩৩৫১৪২৩
E-mail unokalkini@gmail.com

স্মারক নং: ৪৬.৪১.৫৪৪০.০০০.০০.০৩১.২০২৬-৯১ তারিখ: ০৩ ফাল্গুন, ১৪৩২ / ১৬ ফেব্রুয়ারী, ২০২৬

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল।

১। জেলা প্রশাসক, মাদারীপুর । সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
২। পুলিশ সুপার, মাদারীপুর। সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর।
৪। সহকারী কমিশনার (ভূমি), কালকিনি, মাদারীপুর। অবগতি ও বহুল প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
৫। প্রশাসক,কালকিনি পৌরসভা, মাদারীপুর।
৬। উপজেলা .................................. কর্মকর্তা (সকল), কালকিনি | নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কালকিনি শাখা, মাদারীপুর
৮। অফিসার ইনচার্জ, কালকিনি থানা। | অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

৯। চেয়ারম্যান.......................... ইউনিয়ন পরিষদ (সকল), কালকিনি। অবগতি ও নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ তাঁর এলাকায় হাট বাজার সমূহে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল।

১০। অধ্যক্ষ,..............................................কলেজ/ মাদ্রাসা, কালকিনি।
১১। প্রধান শিক্ষক/সুপার............................................... উচ্চ বিদ্যাঃ/ মাঃ | নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...................................... ইউনিয়ন ভূমি অফিস, কালকিনি। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারে জন্য অনুরোধ করা হল।
১৩। জনাব.................................................................... পিতা/স্বামী...........................................................
সাং........................................প্রাক্তন ইজারাদার,...........................................হাট-বাজার। অবগতির জন্য।
১৪। জনাব................................................................................., কালকিনি, মাদারীপুর। অবগতির জন্য।

উপজেলা নির্বাহী অফিসার
কালকিনি, মাদারীপুর